দৈনিক সংবাদ

04 JUN 1995
তারিখ ...
পৃষ্ঠা ৫ কলাম ৭

26

ইসলামী বিশ্ববিদ্যালয়

# ছাত্রীদের আবাসিক সমস্যার কোন সমাধান হয়নি

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ৩রা জুন (নিজস্ব সংবাদদাতা)।– ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের আবাসিক সমস্যার সমাধান হয়নি। নির্দিষ্ট সময় অতিবাহিত হওয়ার ১৫ মাস পর ছাত্রীরা তাদের একমাত্র নবনির্মিত ছাত্রী হলটিতে উঠতে পারেনি। নির্দিষ্ট সময়ে নির্মাণকাজ সম্পন্ন না হওয়ার কারণে এই সমস্যা দেখা দিয়েছে। বিশ্ববিদ্যালয়ের চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় (১৯৯০–৯৫) ছাত্রী হল নির্মাণের কোন পরিকল্পনা ছিল না। ১৯৯০–৯১ সেশন হতে ছাত্রী ভর্তি শুরু হওয়ার পর এ যাবৎ বিশ্ববিদ্যালয়ে ছাত্রী সংখ্যা চারশ'। সেখানে ৭৫ জন ছাত্রীর জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের একটা কোয়া–টার ছেড়ে দেয়া হয়েছে।

ছাত্রীদের আবাসিক সমস্যা সমাধান–কল্পে ১৯৯৩ সালে বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠানে ছাত্রী হলের দাবি করলে বিশ্ববিদ্যালয়ের আচার্য ও বাংলাদেশের প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ৪ কোটি টাকা বরাদ্দ দেন। কিন্তু আবাসিক হলের প্ল্যান ও নকশা করতে নয় মাস দেরি হয়। এবং নির্মাণকাজে ধীরগতির কারণে নির্দিষ্ট সময়ে নির্মাণকাজ হয়নি। সর্বশেষ ৯৪ সালের ৩১শে ডিসেম্বরের মধ্যে হলের কাজ পূর্ণাঙ্গ করার কথা থাকলেও এখনও হলে ছাত্রী থাকার মত অবস্থা সৃষ্টি হয়নি। যার কারণে ক্যাম্পাস হতে ২৫ ও ২০ কিলোমিটার দূর কুষ্টিয়া ও ঝিনাইদহ হতে ছাত্রীদের বাসে ঝুলে এসে ক্লাস করতে হয়। হলের নির্মাণকাজ শেষ হলেও সকল ছাত্রীর আবাসিক সমস্যার সমাধান হবে না। বর্তমানে রয়েছে চারশ' ছাত্রী। ১৯৯৪–৯৫ সেশনের ভর্তি পরীক্ষার ফলাফল ১৫ই জুনের মধ্যে বেরোনোর পরপরই বিশ্ববিদ্যালয়ে আসবে দুইশ' ছাত্রী। ফলে চারশ' ছাত্রীর আবাসিক সমস্যা রয়েই যাবে।

ছাত্রী হলের নির্মাণ বাবদ প্রায় চার কোটি টাকা (৩ কোটি ৮০ লাখ) বরাদ্দ হলেও দুইশ' আসন বিশিষ্ট পাঁচতলা ভবনের জন্য অর্থ বরাদ্দ হয়েছে মাত্র ১ কোটি ৭৬ লাখ টাকা। বাদ বাকি টাকা হতে হল বাউন্ডারি, আবাসিক শিক্ষকদের বাসা ও অন্যত্র ব্যয় করা হচ্ছে। এ কারণে ছাত্রীদের আবাসিক সমস্যা রয়েই যাচ্ছে।